

## মহিলা কমিশনের উদ্যোগে মোহনভোগে সচেতনতা সভা

ত্রিপুরা মহিলা কমিশনের উদ্যোগে এবং জাতীয় মহিলা কমিশনের আর্থিক সহায়তায় সিপাহীজলা জেলার মোহনভোগ ব্লকের তেলকাজলা কমিউনিটি হলে গত ২৮ এবং ২৯ ডিসেম্বর দুই দিনের আইনী সচেতনতা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন রাজ্য মহিলা কমিশনের সদস্যা তুলসী দেববর্মা। স্বাগত ভাষণ রাখেন রাজ্য মহিলা কমিশনের আইন আধিকারিক দেবস্মিতা চক্রবর্তী। দুই দিনের কর্মশালায় উপস্থিত ছিলেন মোহনভোগ পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান মীনা সরকার(দাস), মোহনভোগ পঞ্চায়েত সমিতির সামাজিক ন্যায় বিচার বিষয়ক স্থায়ী কমিটির প্রেসিডেন্ট মহামোদা সাহি বেগম, তেলকাজলা গ্রাম পঞ্চায়েতের প্রধান ফতিমা বেগম, সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের সিপাহীজলা জেলা কার্যালয়ের আধিকারিক দীপক লাল সাহা, মহিলা কমিশনের সদস্যা সচিব অপর্ণা দে, মহিলা কমিশনের সদস্যা বকুল দাস, আইন বিশেষজ্ঞ মল্লিকা রায় এবং মহিলা কমিশনের অধীনস্থ ওয়ান স্টপ সেন্টার এর এডমিনিস্ট্রেটর সুস্মিতা সিংহ প্রমুখ।

উদ্বোধক তুলসী দেববর্মা বলেন, আইনি সচেতনতা শিবিরের প্রয়োজনীয়তা অনেক। আজকের দিনে যেভাবে চারিদিকে নারীদের উপর মানসিক এবং শারীরিক অত্যাচার বেড়ে চলেছে তা প্রতিরোধ করার জন্য নারীদেরকে সংঘবদ্ধ হয়ে প্রতিবাদে সামিল হতে হবে। তিনি আরও বলেন, রাজ্য মহিলা কমিশন প্রতিনিয়ত মহিলাদের জন্য কাজ করে যাচ্ছে।

উদ্বোধনী পর্বের পর দুই দিনে মোট দশটি টেকনিক্যাল সেশন হয়। এই দুটি টেকনিক্যাল সেশনে বিশেষজ্ঞগণ মহিলাদের জন্য যে উন্নয়নমূলক প্রকল্প ও আইন রয়েছে সেইগুলি নিয়ে বিশদ ভাবে আলোচনা করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে সবাইকে স্বাগত জানান দেবস্মিতা চক্রবর্তী। দু'দিনের কর্মশালা শেষে সবাইকে ধন্যবাদ জানিয়ে আলোচনা করেন রাজ্য মহিলা কমিশনের সদস্যা সচিব অপর্ণা দে।

\*\*\*\*\*

জি এস